চোরাপথে আসা ভারতীয় ১ কেজি গাজা উদ্ধার

চোরাপথে আসা ভারতীয় ১ কেজি গাজা উদ্ধার করেছে মুজিবনগর সীমান্ত ফাঁড়ির বিজিবি সদস্যরা ।

শনিবার ভোরের দিকে বিজিবির একটি টহল দল এসব ফেনসিডিল উদ্ধার করে। মুজিবনগর সীমান্তে বিজিবির নায়েক আঙ্গুর ইসলাম জানান, রাতে বিজিবির টহল দল টহল শেষে ভোরের দিকে ফেরার পথে পরিত্যক্ত অবস্থায় ১ কেজি গাঁজা উদ্ধার করে ।

চুয়াডাঙ্গার সরোজগঞ্জে জমে উঠেছে খেজুর গুড়ের হাট

দেশের অন্যতম বড় খেজুর গুড়ের হাট বসে চুয়াডাঙ্গার সরোজগঞ্জে। প্রতি বছর শীত মৌসুমে গাছিরা খেজুর গাছের রস থেকে গুড় তৈরি করে। ওই গুড় বিক্রি হয় চুয়াডাঙ্গা সদর উপজেলার সরোজগঞ্জ গুড়ের হাটে। দেশের বিভিন্ন জেলা থেকে গুড় ব্যবসায়ীরা এখানে আসেন গুড় কিনতে। সপ্তাহের শুক্র ও সোমবার হাট বসে এখানে।

চুয়াডাঙ্গার কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সূত্র জানিয়েছে, চুয়াডাঙ্গা জেলায় রয়েছে আড়াই লক্ষাধিক খেজুর গাছ। এ থেকে আড়াই হাজার মেট্রিকটন খেজুরের গুড় উৎপাদনের লক্ষ্যমাত্রা রয়েছে কৃষি বিভাগের। শীত মৌসুমে গাছিরা এসব গাছ থেকে রস সংগ্রহ করে গুড় তৈরি শুরু করেন। গাছিদের উৎপাদিত সুস্বাদু খেজুরের গুড় বিক্রির জন্য নেয়া হয় সরোজগঞ্জ হাটে।

সরেজমিনে সরোজগঞ্জ গুড়ের হাটে দিয়ে দেখা যায় হাজার হাজার গুড়ের ভাড়। ব্যবসায়ীরা জানান, এবছর ১০/১২ কেজি ওজনের এক ভাড় গুড় বিক্রি হচ্ছে এক হাজার টাকা থেকে এক হাজার ২০০ টাকায়। সপ্তাহের শুক্রবার ও সোমবার এখানে গুড়ের হাট বসে। প্রতি হাটে ৩৫ থেকে ৪০ ট্রাক গুড়

বেচাকেনা হয় এ হাটে। এ হাটের গুড়ের মান বেশ ভালো, তুলনামূলকভাবে দামও কম। এ কারণে দূর-দূরান্ত থেকে ব্যাপারীরা এ হাটে আসেন গুড় কিনতে।
সিরাজগঞ্জ জেলার গুড় ব্যবসায়ী আনোয়ার হোসেন বলেন, ‘আমি ১৫-১৬ বছর ধরে সরোজগঞ্জের এ হাটে আসি গুড় কিনতে। সিরাজগঞ্জ জেলাতে চুয়াডাঙ্গার গুড়ের বিশেষ চাহিদা রয়েছে।’

চুয়াডাঙ্গার সরোজগঞ্জ হাটের ইজারাদার জাহিদ হাসান জানান, চুয়াডাঙ্গার খেজুরগুড়ের বিশেষ বৈশিষ্ট্য হলো, ভেজালমুক্ত গুড় তৈরি হয় চুয়াডাঙ্গায়। এজন্য চুয়াডাঙ্গার খেজুর গুড়ের কদরও বেশি। এ হাট থেকে দেশের বিভিন্ন জেলা ও দেশের বাইরে চলে যাচ্ছে চুয়াডাঙ্গার খেজুর গুড়।
তিনি আরো জানান, সরোজগঞ্জে সপ্তাহে অন্তত এক কোটি টাকার গুড় বেচাকেনা হয়ে থাকে। আগামি মার্চ মাস পর্যন্ত এ হাটে গুড় বিক্রি হবে।

চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মো. আলী হোসেন বলেন, সরোজগঞ্জের খেজুরের গুড়ের জন্যই খেজুরগাছের যত্ন নিয়ে থাকেন এলাকার চাষীরা। জেলায় উৎপাদিত গুড় সহজে এবং বেশি দামে সরোজগঞ্জের হাটে বিক্রি করতে পারে চাষীরা। সরোজগঞ্জের হাটের গুড় চলে যাচ্ছে দেশের বিভিন্ন জেলায়।

মেপ্র/আরজেএম

আরো পড়ুন –

মেহেরপুরে নতুন স্বেচছাসেবী সমাজ কল্যাণ মূলক সংগঠনের

আত্মপ্রকাশ

মেহেরপুরে “গর্জে ওঠো মেহেরপুর” নামের আরো একটি স্বেচছাসেবী সমাজ কল্যাণ মূলক সংগঠনের আত্মপ্রকাশ ঘটেছে। মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে শুক্রবার বিকালে এই সংগঠনের আত্মপ্রকাশ ঘটে।

মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের শিক্ষক শেখ ফরিদ আহমেদ এবং মনারুল ইসলাম উপস্থিত থেকে সংগঠনের সুচনা করেন। সংগঠনের সভাপতি হিসাবে মো: বিপ্লব রেজা, সাধারণ সম্পাদক হিসেবে মো: রলিপ হাসান, সহ-সাধারণ সম্পাদক নিলুফার ইচ্ছমিন নাইস, সাংগঠনিক সম্পাদক আফিপ, নারী বিষয়ক সম্পাদক হিসেবে রিফা খাতুনের নাম ঘোষণা করা হয়।

এ ছাড়াও সংগঠনের সদস্যবৃন্দ দের মধ্যে রয়েছেন আজিজুল হাকিম, মো: মাফুজ, লামিয়া ইসলাম যূথী, মিলি খাতুন, মীর লাবণী, জান্নাত আক্তার ডানা, মো: মিদুল হাসান, প্রজ্জল, মো: আল হেলাল অন্তর, জুবায়ের আল নোমান, মো: হাসানুজ্জামান বিজয়, আপন, মো: হাসান, সম্পা, মো: অনিক চৌধুরি, মো: নাফিজ ইকবাল, তালহা, রাজু, তামিম, মান্না, সাজিদ, আবিদ, জিহাদ, সাব্বির, রাফি, বিতণ, মো: মাসুম বিল্লাহ, মাইমুনা রহমান মুনা, মোছা: আন্নি, মোছা: শাহিন আফরোজ, ফারিহা ইয়াসমিন তিথি, মোছা: সুমাইয়া আক্তার, মোছা: বন্যা পারভীন, মহাসারা মুস্তারি মুনমুন, মোছা: ফাতেমা আক্তার, মাটিনা মন্ডল, ফারিয়া আফরিন,আকসা পারভীন, মো: রাহাত হাসান, মো: নাঈম ইসলাম সিয়াম, সাঈদ।

সংগঠনের নব গঠিত কমিটির সভাপতি জানান, সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য হলো- দরিদ্র শিশুদের বই-খাতা আর্থিক সহযোগিতা, নারী ও শিশুর অধিকার রক্ষা করা, প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ, মাদকমুক্ত সমাজ প্রতিষ্ঠা, বাল্যবিবাহ প্রতিরোধ, ব্লাড ডোনেট, বৃক্ষরোপণ, বস্ত্র বিতরণ ইত্যাদি।

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কমিটির অন্যান্য নির্বাচিতরা হলেন সাংগঠনিক সম্পাদক মো: হাছান, অর্থ সম্পাদক মো: আব্বাস খাঁন, প্রচার সম্পাদক মো: আহাম্মেদ আলী, তথ্য ও যোগাযোগ সম্পাদক মো: ফিরোজ, প্রশিক্ষণ সম্পাদক মো: ওমর ফারুক, দফতর সম্পাদক মো: আমিনুল ইসলাম।

আলমডাঙ্গায় ক্রিকেট টুর্নামেন্টে চ্যাম্পিয়ন গোবিন্দপুর এশিয়া একাদশ

আলমডাঙ্গায় কলেজপাড়া একাদশের উদ্যোগে অনুষ্ঠিত ১৬ দলের ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলায় কলেজপাড়া একাদশকে ৬ উইকেটে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে গোবিন্দপুর এশিয়া একাদশ।

প্রধান অতিথি থেকে টুর্নামেন্টের পুরষ্কার বিতরণ করেন পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) কানাই লাল সরকার, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) কলিম উল্লাহ, আলমডাঙ্গা সরকারি কলেজ অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কৃষিবীদ গোলাম ছরোয়ার মিঠু, সহকারী অধ্যাপক আবু মোনায়েম, আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগ সাধারণ সম্পাদক পৌর কাউন্সিলর মতিয়ার রহমান ফারুক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব শামীম রেজা।

মাসুদ রানা তুহিনের উপস্থাপনায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মীর আসাদুজ্জামান উজ্জ্বল, হাশেম রেজা, সোয়েবুজ্জামান সোহেল, জুয়েল, আরিফুল ইসলাম, সেলিম, প্রিন্স, মাসুম, জুয়েল আহমেদ, জহির, সোহাগ, হিল্লোল প্রমুখ।

গতকালের ফাইনাল খেলায় অংশগ্রহণ করে কলেজপাড়া একাদশ ও গোবিন্দপুর এশিয়া একাদশ। খেলায় কলেজপাড়া একাদশকে ৬ উইকেটে হারিয়ে এশিয়া একাদশ জয়ী হয়।

ম্যাচ অব দ্যা ম্যানের পুরষ্কার লাভ করেন এশিয়া একাদশের জামিরুল ও ম্যান অব দ্যা সিরিজের পুরষ্কার লাভ করেন কলেজপাড়া একাদশের মানিক। সেরা ব্যাটসম্যান নির্বাচিত হয়েছেন কলেজপাড়ার সোয়ান।

রানার আপ দলকে ৮ হাজার টাকার প্রাইজমানি ও বিজয়ি দলকে এসবি প্রধান মীর শহিদুল ইসলামের পক্ষ থেকে ১৫ হাজার টাকার প্রাইজমানি প্রদান করা হয়।

এছাড়া কলেজপাড়া একাদশের অধিনায়কত্ব করেন সেলিম এবং এশিয়া একাদশের অধিনায়কত্ব করেন রায়হান।

মেপ্র/ইএম

“গর্জে ওঠো মেহেরপুর” নামের সংগঠনের আত্মপ্রকাশ

মেহেরপুরে “গর্জে ওঠো মেহেরপুর” নামের আরো একটি স্বেচছাসেবী সমাজ কল্যাণ মূলক সংগঠনের আত্মপ্রকাশ ঘটেছে। মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে শুক্রবার বিকালে এই সংগঠনের আত্মপ্রকাশ ঘটে।

মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের শিক্ষক শেখ ফরিদ আহমেদ এবং মনারুল ইসলাম উপস্থিত থেকে সংগঠনের সুচনা করেন।

সংগঠনের সভাপতি হিসাবে মো: বিপ্লব রেজা, সাধারণ সম্পাদক হিসেবে মো: রলিপ হাসান, সহ-সাধারণ সম্পাদক নিলুফার ইচ্ছমিন নাইস, সাংগঠনিক সম্পাদক আফিপ, নারী বিষয়ক সম্পাদক হিসেবে রিফা খাতুনের নাম ঘোষণা করা হয়।

এ ছাড়াও সংগঠনের সদস্যবৃন্দ দের মধ্যে রয়েছেন আজিজুল হাকিম, মো: মাফুজ, লামিয়া ইসলাম যূথী, মিলি খাতুন, মীর লাবণী, জান্নাত আক্তার ডানা, মো: মিদুল হাসান, প্রজ্জল, মো: আল হেলাল অন্তর, জুবায়ের আল নোমান, মো: হাসানুজ্জামান বিজয়, আপন, মো: হাসান, সম্পা, মো: অনিক চৌধুরি, মো: নাফিজ ইকবাল, তালহা, রাজু,

তামিম, মান্না, সাজিদ, আবিদ, জিহাদ, সাব্বির, রাফি, বিতণ, মো: মাসুম বিল্লাহ, মাইমুনা রহমান মুনা, মোছা: আন্নি, মোছা: শাহিন আফরোজ, ফারিহা ইয়াসমিন তিথি, মোছা: সুমাইয়া আক্তার, মোছা: বন্যা পারভীন, মহাসারা মুস্তারি মুনমুন, মোছা: ফাতেমা আক্তার, মাটিনা মন্ডল, ফারিয়া আফরিন,আকসা পারভীন, মো: রাহাত হাসান, মো: নাঈম ইসলাম সিয়াম, সাঈদ।

সংগঠনের নব গঠিত কমিটির সভাপতি জানান, সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য হলো- দরিদ্র শিশুদের বই-খাতা আর্থিক সহযোগিতা, নারী ও শিশুর অধিকার রক্ষা করা, প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ, মাদকমুক্ত সমাজ প্রতিষ্ঠা, বাল্যবিবাহ প্রতিরোধ, ব্লাড ডোনেট, বৃক্ষরোপণ, বস্ত্র বিতরণ ইত্যাদি।

মেপ্র/ইএম

কার্পাসডাঙ্গায় পুুুলিশি অভিযানে এক মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গার কার্পাসডাঙ্গা ক্যাম্প পুলিশ অভিযান চালিয়ে ফেন্সিডিল সহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

গতকাল শুক্রবার ভোর রাতে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজার এলাকা থেকে ৭ বোতল ফেন্সিডিল সহ হাসিবুল ইসলাম (৩২) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে কার্পাসডাঙ্গা ক্যাম্প পুলিশ।

গ্রেফতারকৃত হাসিবুল ইসলাম সীমান্তবর্তী মুন্সিপুর গ্রামের সানোয়ার হোসেনের ছেলে।

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই সাইফুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্স নিয়ে ভোর সাড়ে ৪ টার সময় কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের সামনের রাস্তার ওপর অভিযান চালিয়ে ৭ বোতল ফেন্সিডিল সহ তাকে আটক করা হয়।

গ্রেফতারকৃতের নামে মাদক মামলা দিয়ে গতকালই দামুড়হুদা মডেল থানায়

সোপর্দ করেছে বলে ক্যাম্পসূত্রে জানা গেছে।

মেপ্র/ আরপি

আমঝুপি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লি: এর বার্ষিক সাধারণ সভা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামে আমঝুপি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লি: এর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

শুক্রবার সকালে আমঝুপি আইডিয়াল স্কুলে এ সভা অনুষ্ঠিত হয়। ফারুক হোসেনের সভাপতিত্বে বক্তব্য দেন আমঝুপি আইডিয়াল স্কুল এর প্রধান শিক্ষক মারুফ আহমেদ, মেহেরপুর মহিলা কলেজের প্রফেসর মোঃ আতিয়ার রহমান, সহকারি প্রধান শিক্ষক আবুল কালাম, আলমগীর হোসেন, সানা উল্লাহ বাবু, আব্দুল মজিদ, আতিক ইকবাল কিরন, মাহফুজুর রহমান, মুনিয়া চৌধুরি, সারমিন আক্তার, সালেহা বেগম,সাংবাদিক শহিদুল ইসলাম।

সভাপতি বক্তব্যতে সকল সদস্যকে উদ্দেশ্য করে বলেন, আমরা সামাজিক কর্মকান্ডে সব সময় নিয়োজিত থাকিবো। শীতকালীন বস্ত্র বিতরণ, গরিব দুখি ছাত্রছাত্রীদের বৃত্তিপ্রদান ও গরীবদের সহযোগীতা করাই হচ্চে আমাদের সংগঠনের মুল লক্ষ্য।

মেপ্র/ইএম